দৈনিক ইনকিলাব

১২২
তারিখ OCT. 0 3 1999
পৃঃ ৭ কলাম ৬

# ছাত্রফ্রন্ট ও ছাত্রঐক্য আগামী ১৩ অক্টোবর সকল বিশ্ববিদ্যালয়ে হরতাল ডেকেছে

স্টাফ রিপোর্টার ঃ অবিলম্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় খুলে দেয়া, সম্পূর্ণ বর্ধিত ফি প্রত্যাহার এবং ১৩ অক্টোবর সকল বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালন করার আহবান জানিয়ে কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্য ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে। মিছিল শেষে ডাকসু ভবনের সামনে আয়োজিত সমাবেশে গণতান্ত্রিক ছাত্রঐক্যের নেতৃবৃন্দ বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আন্দোলনকারী ছাত্র-ছাত্রীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ষড়যন্ত্র করছে। অপরদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দলীয় অবস্থানের কারণে সঠিক রাজনৈতিক পরিচয়সহ ৬০ সন্ত্রাসীর নামের তালিকা প্রকাশে ব্যর্থ হয়েছে। নেতৃবৃন্দ আরো বলেন, ছাত্রসমাজ ১১ জন ভিসি'র সরকারের শিক্ষা সংকোচন নীতির পক্ষে অবস্থানকে কোনভাবেই মেনে নিবে না। একই দাবীতে গতকাল সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের কেন্দ্রীয় কমিটি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে।